

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৭, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ, ৯ই জ্যৈষ্ঠ ১৪০৬/২০শে মে ১৯৯৯

এস, আর, ও নং ১০৫-আইন/৯৯/১৭৮৪/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর Section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশ তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন ও উৎপাদন এবং সি এন জি ফিলিং স্টেশন স্থাপন ও কার্যক্রম পরিচালনার জন্য আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্যের উপর প্রযোজ্য সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূর্ণ শুল্ক এতদ্বারা মওকুফ করিল, যথাঃ—

- (ক) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য, তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন ও উৎপাদন এবং সি এন জি ফিলিং স্টেশন স্থাপন ও কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃত হইবে মর্মে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অন্যান্য যন্ত্র-সচিব পদমর্যাদা সম্পন্ন কোন কর্মকর্তা চালান-ওয়ারী একটি প্রত্যয়ন পত্র দিবেন;
- (খ) এই প্রজ্ঞাপনের আওতাধীন রেয়াত প্রাপ্ত আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য অন্যবিধ কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইলে আমদানিকারক "শুল্ক কর্তৃপক্ষের গৃহীত আইনানুগ যে কোন ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিবেন" মর্মে আমদানিকৃত দ্রব্য খালাসের সময়, সংশ্লিষ্ট কমিশনার বরাবরে, একটি অংশীকারনামা দাখিল করিবেন;

(২৬০৫)

মূল্য : টাকা ১০০

(গ) তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন ও উৎপাদন এবং সি এন জি ফিলিং স্টেশন স্থাপন ও কার্যক্রম পরিচালনার সাথে সরাসরি সম্পৃক্ত নহে এইরূপ কোন পণ্য যেমন—অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, সিডান কার, জীপ বা স্টেশন ওয়্যাকন ও গৃহস্থালী ব্যবহার্য দ্রব্যাদি এই প্রজ্ঞাপনবলে রেয়াত প্রাপ্ত হইবে না।

২। অত্র বিভাগের ৪৪ মাঘ, ১৪০০ বাংলা মোতাবেক ১৭ই জানুয়ারী, ১৯৯৪ ইংরেজী তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২২-আইন/৯৪/১৫০৯/শুল্ক এতদ্বারা বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আব্দুল মুয়ীদ চৌধুরী
সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।